গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.ssd.gov.bd

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ই-পাসপোর্ট ভবন ও ই-পাসপোর্ট কার্যক্রম উদ্বোধনী অনুষ্ঠান সংক্রান্ত গঠিত পাসপোর্ট অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের পক্ষ থেকে গঠিত বিভিন্ন কমিটির কার্যক্রম সমন্বয় করার নিমিত্ত সুরক্ষা সেবা বিভাগের কেন্দ্রীয় কমিটির সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আজহারুল হক<br>অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন)<br>সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ | : | ০৮-০১-২০২০ খ্রিঃ |
| সময় | : | বিকাল ০৩ :০০ ঘটিকা |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ |

সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যগণের হাজিরা তালিকা পরিশিষ্ট 'ক' সংযুক্ত

সভায় শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়। সদস্য সচিব সভায় জানান যে আগামী ২২ জানুয়ারি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ই-পাসপোর্ট ভবন ও ই-পাসপোর্ট কার্যক্রম উদ্বোধন করা হবে। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানের পূর্ব প্রস্তুতি এবং অনুষ্ঠান সূচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক বিভিন্ন কমিটি (আমন্ত্রণ ও অভ্যর্থনা, ভেন্যু ব্যবস্থাপনা, উদ্বোধন ব্যবস্থাপনা ও ভিজিটর বই, অডিও-ভিডিও ব্যবস্থাপনা, বক্তৃতা-বাণী ও ঘোষণা ব্যবস্থাপনা, ধারা বিবরণী ব্যবস্থাপনা, উপহার ও ই-পাসপোর্ট বুকলেট প্রদান ব্যবস্থাপনা, কারিগরি ব্যবস্থাপনা, খাবার ব্যবস্থাপনা, ক্যামেরা ও মিডিয়া কর্মী ব্যবস্থাপনা, নিরাপত্তা বিষয় ব্যবস্থাপনা কমিটি) গঠন করে।

আগামী ২২ জানুয়ারি মাননীয় প্রধানমন্ত্রীর উদ্বোধন অনুষ্ঠান সফল করার জন্য ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক গঠিত বিভিন্ন কমিটির কার্যক্রমকে আরো গতিশীল ও সু সমন্বয়ের জন্য সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক গত ৭ জানুয়ারি ১৯ নং স্মারকে কমিটি গঠন করা হয়। এই কমিটির সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

**ক) আমন্ত্রণ ও অভ্যর্থনা বিষয়ক কমিটি:** ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর থেকে গঠিত কমিটির সাথে সমন্বয়পূর্বক সুরক্ষা সেবা বিভাগ থেকে এ সংক্রান্তে গঠিত কমিটি নিম্নোক্ত কার্যক্রম নিশ্চিত করবেন-

- ই-পাসপোর্ট ভবন ও ই-পাসপোর্ট কার্যক্রম উদ্বোধনী অনুষ্ঠান অতিথি আমন্ত্রণের নিমিত্ত অতিথিদের বিভিন্ন ক্যাটাগরিতে বিভক্ত করে তার সংখ্যা নির্ধারণ করে আগামী ১৩.০১.২০২০ তারিখের মধ্যে অতিথিবৃন্দের তালিকা চূড়ান্ত করে সভাপতির নিকট উপস্থাপন করবেন এবং আগামী ১৬ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে চূড়ান্ত তালিকা অনুযায়ী দাওয়াত কার্ড বিতরণ নিশ্চিত করবেন;
- উক্ত কমিটি কর্তৃক দাওয়াত কার্ডের নমুনা কেন্দ্রীয় কমিটির অনুমোদনক্রমে চূড়ান্ত করতে হবে;
- BICC অনুষ্ঠানস্থলে আমন্ত্রিত অতিথিদের অভ্যর্থনা, ফুলের শুভেচ্ছাসহ আসন বিন্যাসের বিষয় সার্বিক প্রস্তুতি গ্রহন করবেন;

**খ) ভেন্যু ব্যবস্থাপনা বিষয় কমিটি:** ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর থেকে গঠিত কমিটির সাথে সমন্বয়পূর্বক সুরক্ষা সেবা বিভাগ থেকে এ সংক্রান্তে গঠিত কমিটি নিম্নোক্ত কার্যক্রম নিশ্চিত করবেন-

- বাংলাদেশ সচিবালয়ের মেইন গেইট (গেইট নং- ১ ও ২) পাসপোর্ট ও বহিরাগমন অধিদপ্তর, উত্তরাস্থ ই-পাসপোর্ট ভবন ও BICC এর বাহ্যিক ও অভ্যন্তরীণ সাজসজ্জা নিশ্চিতকরণ;
- সিটিং প্লান ও সিটিং ব্যবস্থাপনা নিশ্চিতকরণ;
- খাবার টেবিলে প্রধান অতিথির হাইটেবিল ব্যবস্থাপনা নিশ্চিতকরণ;
- অনুষ্ঠানস্থলে স্থান ভিত্তিক এলাকা বন্টন করবেন (ই-গেইট, এনরোলমেন্ট, ভিজিটর বই, মিডিয়া, খাবার ভেন্যু ইত্যাদি);

**গ) উদ্বোধন ব্যবস্থাপনা বিষয়ক কমিটি:** ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর থেকে গঠিত কমিটির সাথে সমন্বয়পূর্বক সুরক্ষা সেবা বিভাগ থেকে এ সংক্রান্তে গঠিত কমিটি নিম্নোক্ত কার্যক্রম নিশ্চিত করবেন-

- ফলক তৈরী ও অনুষ্ঠানস্থলে অবস্থান নিশ্চিত করণ;
- ধর্মীয় গ্রন্থ পাঠ (কোরআন,গীতা, ত্রিপিটক ও বাইবেল) এর কোন অংশ পাঠ হবে তা নির্ধারণ করা;
- ধর্মীয় গ্রন্থসমূহ পাঠকদের নির্ধারিত স্ক্রিপ্ট প্রদান ও ভেন্যুতে তাদের অবস্থান নিশ্চিতকরণ;
- প্রধান অতিথি কর্তৃক উদ্বোধন সম্পন্ন করণ এবং ঘোষণা পরবর্তী সময়ে মোনাজাত আয়োজন;
- ভিজিটর বই প্রস্তুতকরণ, প্রধান অতিথি কর্তৃক ভিজিটর বই বাণী লিপিবদ্ধকরণ;

**ঘ) অডিও- ভিডিও ব্যবস্থাপনা বিষয়ক কমিটি:** ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর থেকে গঠিত কমিটির সাথে সমন্বয়পূর্বক সুরক্ষা সেবা বিভাগ থেকে এ সংক্রান্তে গঠিত কমিটি নিম্নোক্ত কার্যক্রম নিশ্চিত করবেন-

- উদ্বোধন সংক্রান্ত ৩০ সেকেন্ড এর ভিডিও তৈরী এবং প্রদর্শন নিশ্চিতকরন;
- ডকুমেন্টরি তৈরীর ক্ষেত্রে তার দৈর্ঘ্য হবে সর্বোচ্চ ০৫ মিনিট ও ডকুমেন্টরি প্রদর্শন নিশ্চিতকরণ;
- TVC তৈরী ও প্রদর্শন নিশ্চিতকরণ;
- ভিডিও স্ক্রিন, PA System ব্যবস্থাপনা
- চা-চক্রের সময় বিটিভি কর্তৃক ভিডিও প্রদর্শন নিশ্চিতকরণ;
- উদ্বোধন অনুষ্ঠানের অডিও –ভিডিও সিস্টেমসমূহ চেকপূর্বক তা নিশ্চিত করা:

**ঙ) বক্তৃতা, বাণী ও ঘোষণা বিষয়ক কমিটি:** ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর থেকে গঠিত কমিটির সাথে সমন্বয়পূর্বক সুরক্ষা সেবা বিভাগ থেকে এ সংক্রান্তে গঠিত কমিটি নিম্নোক্ত কার্যক্রম নিশ্চিত করবেন-

- মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় মন্ত্রী, সচিব মহোদয় ও মহাপরিচালকের বক্তৃতাংশ সংগ্রহ ও চূড়ান্তকরণ ও হস্তান্তর;
- ক্রোড়পত্র, সংবাদপত্র এবং ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচার ও প্রকাশের লক্ষ্যে বাণী সংগ্রহ এবং তা চূড়ান্তকরণ;
- বানীসমূহ মিডিয়ায় প্রচার ও সংবাদপত্রে প্রকাশ নিশ্চিতকরণ;

**চ) ধারা বিবরণী ব্যবস্থাপনা:** ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর থেকে গঠিত কমিটির সাথে সমন্বয়পূর্বক সুরক্ষা সেবা বিভাগ থেকে এ সংক্রান্তে গঠিত কমিটি নিম্নোক্ত কার্যক্রম নিশ্চিত করবেন-

- উদ্বোধনী অনুষ্ঠানে ধারা বিবরণী প্রস্তুত এবং তা পাঠক-পাঠিকাকে প্রদান নিশ্চিত করা;
- অনুষ্ঠান চলাকালীন সময়ে ধারা বিবরণী ব্যবস্থাপনা নিশ্চিতকরণ;

ছ) **উপহার ও ই-পাসপোর্ট বুকলেট প্রদান ব্যবস্থাপনা বিষয়ক কমিটি:** ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর থেকে গঠিত কমিটির সাথে সমন্বয়পূর্বক সুরক্ষা সেবা বিভাগ থেকে এ সংক্রান্তে গঠিত কমিটি নিম্নোক্ত কার্যক্রম নিশ্চিত করবেন-

- মাননীয় প্রধানমন্ত্রী এবং অন্যান্য অতিথিবৃন্দের উপহার সামগ্রী প্রস্তুতকরণ;
- উপহার হস্তান্তর নিশ্চিতকরণ;
- উপহার সংক্রান্ত বিবিধ কার্যক্রম সম্পন্নকরণ;
- প্রধান অতিথিকে ই-পাসপোর্ট বুকলেট প্রদান;

জ) **কারিগরী ব্যবস্থাপনা কমিটি:** ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর থেকে গঠিত কমিটির সাথে সমন্বয়পূর্বক সুরক্ষা সেবা বিভাগ থেকে এ সংক্রান্তে গঠিত কমিটি নিম্নোক্ত কার্যক্রম নিশ্চিত করবেন-

- উত্তরা পার্সোনালাইজেশন ভবনের ৩য়, ৬ষ্ঠ ও ৮ম তলায় কারিগরী ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ;
- মাননীয় প্রধানমন্ত্রীর এনরোলমেন্ট নির্ভুলভাবে নিশ্চিতকরণ;
- মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ই-পাসপোর্ট উদ্বোধন কালে সরাসরি উৎপাদন প্রদর্শনের ব্যবস্থা করা;
- উদ্বোধন স্থলে ই-গেইট স্থাপন ও উদ্বোধনের জন্য কার্যকর করা;
- ব্রুশিয়ার তৈরী ও বণ্টন নিশ্চিতকরণ;

ঝ) **খাবার ব্যবস্থাপনা বিষয়ক কিমিটি:** ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর থেকে গঠিত কমিটির সাথে সমন্বয়পূর্বক সুরক্ষা সেবা বিভাগ থেকে এ সংক্রান্তে গঠিত কমিটি নিম্নোক্ত কার্যক্রম নিশ্চিত করবেন-

- খাবার মেন্যু তৈরী;
- মাননীয় প্রধানমন্ত্রীর চা-চক্রের অনুমতি এবং ডাক্তারী টেস্ট সম্পন্নকরণ;
- মাননীয় প্রধানমন্ত্রীর চা-চক্র নিশ্চিতকরণ;
- আগত অন্যান্য অতিথিদের চা-চক্র মেন্যু প্রস্তুত ও খাবার আয়োজন নিশ্চিতকরণ;
- মেস ওয়েটার, ক্রোকারিজ ও পরিবেশনা নিশ্চিতকরণ;

ঞ) **ক্যামেরা ও মিডিয়া ব্যবস্থাপনা বিষয়ক কমিটি:** ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর থেকে গঠিত কমিটির সাথে সমন্বয়পূর্বক সুরক্ষা সেবা বিভাগ থেকে এ সংক্রান্তে গঠিত কমিটি নিম্নোক্ত কার্যক্রম নিশ্চিত করবেন-

- বিভিন্ন মিডিয়া কর্মীদের বসার স্থান এবং ক্যামেরা স্থাপনের স্থান নির্ধারণ;
- বিভিন্ন মিডিয়া কর্মীদের খাবার ও আপ্যায়ন নিশ্চিতকরণ;
- সম্পূর্ণ অনুষ্ঠানের স্থিরচিত্র ও ভিডিও ধারণ এবং সংরক্ষণ;
- প্রেস কনফারেন্স ও প্রেস রিলিজ প্রস্তুতকরণ ও বিতরণ;

ট) **অনুষ্ঠানের নিরাপত্তা, নিরাপত্তাকর্মী ও চালকবৃন্দের খাবার ব্যবস্থাপনা কমিটি:** ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর থেকে গঠিত কমিটির সাথে সমন্বয়পূর্বক সুরক্ষা সেবা বিভাগ থেকে এ সংক্রান্তে গঠিত কমিটি নিম্নোক্ত কার্যক্রম নিশ্চিত করবেন-

- এসএসএফ, এনএসআই এবং পুলিশের সাথে সমন্বয়করত অনুষ্ঠানস্থলের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা;
- ট্রাফিক রুট মার্কিং করণ এবং বিভিন্ন কার পার্কিং এর স্থান প্রস্তুত ও কার পার্কিং এর ব্যবস্থাকরণ;
- নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং স্ট্যান্ডবাই জেনারেটর স্থাপন এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহে পত্র বিতরণ (পিডিবি, ফায়ার সার্ভিস, ওয়াসা, সিটি কর্পোরেশন ইত্যাদি);
- ড্রাইভার, পাসপোর্ট অফিসের কর্তব্যরত অন্যান্য পদবী, বিদ্যুৎ ও জেনারেটর এবং মোতায়নকৃত নিরাপত্তা কর্মীদের খাবার মেন্যু, সংখ্যা নির্ধারণ, খাবার আয়োজন, সংগ্রহ ও খাবার বিতরণ।

উপর্যুক্ত কমিটিসমূহকে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক এবং প্রয়োজনের প্রেক্ষিতে যে কোন দায়িত্ব পালন এবং সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে গঠিত কেন্দ্রীয় কমিটি ও সচিব মহোদয়ের নিকট সময় সময় কাজের অগ্রগতি সম্পর্কে অবহিত করার জন্য সভাপতি অনুরোধ জানান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১২/০১/২০২০
(মোহাম্মদ আজহারুল হক)
অতিরিক্ত সচিব (নিরা: ও বহি:)
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১২.০৯.০৩৩.১৯. ৩৬/১(১০)

তারিখ: ০৯ জানুয়ারি ২০২০

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব........................................... (সকল), সুরক্ষা সেবা বিভাগ
২। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা
৩। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
৪। যুগ্মসচিব...............................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ
৫। উপসচিব/উপপ্রধান....................................... (সকল), সুরক্ষা সেবা বিভাগ
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ/জননিরাপত্তা বিভাগ
৮। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান.................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ
৯। প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০। সহকারী সচিব/সহকারী প্রধা.......................... (সকল), সুরক্ষা সেবা বিভাগ।

12/01/2020
(শেখ আকতার হোসেন)
উপসচিব
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়